বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি)।

# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)'র ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য মূল্য সমন্বয় আদেশ, ২০২৬।

## (Saudi CP ফেব্রুয়ারি ২০২৬ এর ভিত্তিতে)

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৩

তারিখ: ১৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ০২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ।

# সূচীপত্র


| অনুচ্ছেদ | বিষয়াবলী | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | Saudi CP অনুযায়ী বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে কমিশন কর্তৃক অনুসৃত প্রক্রিয়া ও পদ্ধতি | ১-২ |
| ২ | Saudi CP ফেব্রুয়ারি ২০২৬ এর ভিত্তিতে ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় আদেশ | ২-৩ |
| পরিশিষ্ট-'ক' | বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি ২০২৬ | ৪-৫ |
| পরিশিষ্ট-'খ' | বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি ২০২৬ । | ৬-৭ |
| পরিশিষ্ট-'গ' | রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি ২০২৬ । | ৮-৯ |
| পরিশিষ্ট-'ঘ' | ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি ২০২৬। | ১০-১১ |

# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)'র ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য মূল্য সমন্বয় আদেশ, ২০২৬।

**বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৩**

**তারিখ: ১৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ০২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ।**

**বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) কর্তৃক বেসরকারি এলপিজি এবং অটোগ্যাসের ট্যারিফ (মূল্যহার) পরিবর্তনসহ মূল্য সমন্বয় করে ১০ অক্টোবর ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অনুচ্ছেদ ৯.৫ এবং সৌদি আরামকো কর্তৃক ঘোষিত ফেব্রুয়ারি ২০২৬ মাসের Saudi Contract Price (Saudi CP) অনুযায়ী বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূল্য ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য সমন্বয়ের বিষয়ে বিস্তারিত পর্যালোচনা ও বিশ্লেষণান্তে অদ্য ১৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ০২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে এ আদেশ প্রদান করা হলো:-**

## ১.০ Saudi CP অনুযায়ী বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে কমিশন কর্তৃক অনুসৃত প্রক্রিয়া ও পদ্ধতি:

১.১ কমিশন কর্তৃক গঠিত সংশ্লিষ্ট কমিটি সৌদি আরামকো কর্তৃক ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য ঘোষিত Saudi CP এর সাথে সামঞ্জস্য রেখে ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে সুপারিশ সংবলিত একটি প্রতিবেদন ০২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে কমিশনে দাখিল করে। কমিটি'র প্রতিবেদন অনুযায়ী ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৫৪৫.০০ মার্কিন ডলার ও ৫৪০.০০ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ হিসেবে গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৪১.৭৫ মার্কিন ডলার। কমিটি উক্ত Saudi CP, জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম প্রতি মেট্রিক টন ১০৮ মার্কিন ডলার, অন্যান্য চার্জ এবং ফেব্রুয়ারি ২০২৬ মাসে বিবেচিত এলপিজি আমদানিতে এলসি সেটেলমেন্টে প্রতি মার্কিন ডলারের গড় মূল্য ১২২.৫৫ টাকা বিবেচনা করে ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি এবং অটোগ্যাসের মূল্য নিম্নোক্তভাবে সমন্বয় করার সুপারিশ করে:

(ক) বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত Saudi CP প্রতি কেজি ৬৬.৩৯ টাকা।

(খ) বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১০৪.২৩ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১১১.৪৫ টাকা।

(গ) রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১০০.৪৮ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১০৭.৭০ টাকা বা রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ০.২২৩৩ টাকা বা প্রতি ঘনমিটার ২২৩.৩০ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ০.২৩৯৩ টাকা বা প্রতি ঘনমিটার ২৩৯.৩০ টাকা।

(ঘ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ৫৭.৬৬ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ৬১.২৬ টাকা।

১.২ কমিটির বেসরকারি এলপিজি'র প্রতিনিধি স্পট মার্কেট থেকে বেশি এলপিজি ক্রয়ের কারণে অধিক হারে প্রিমিয়াম পরিশোধ বিবেচনায় জাহাজ ভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম প্রতি মেট্রিক টন ১২৫ মার্কিন ডলার ধার্য করা প্রয়োজন মর্মে উল্লেখ করে কমিটির প্রতিবেদনে স্বাক্ষর করেন।

১.৩ কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনটির ওপর বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অনুচ্ছেদ ৯.৫ অনুযায়ী ০২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ দুপুর ১২:৩০ টায় কমিশন কার্যালয়ে কমিটি'র শুনানি অনুষ্ঠিত হয়। উক্ত শুনানিতে কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন উপস্থাপন, বক্তব্য শ্রবণ এবং প্রাপ্ত দলিলাদি পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়। শুনানিতে কমিটির বেসরকারি লাইসেন্সি প্রতিনিধি অনুচ্ছেদ ১.২ এ উল্লিখিত জাহাজ ভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম পুনর্নির্ধারণের বিষয়টি পুনর্ব্যাক্ত করেন। শুনানি শেষে অনুষ্ঠিত ০৪/২০২৬ তম বিশেষ কমিশন সভায় বিস্তারিত আলোচনান্তে এলপিজি আমদানির জাহাজভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম প্রতি মেট্রিক টন ১২০.০০ মার্কিন ডলার বিবেচনায় বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের বিষয়ে একমত পোষণ করা হয়।

## ২.০ Saudi CP ফেব্রুয়ারি ২০২৬ এর ভিত্তিতে ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় আদেশ:

সার্বিক বিষয় পরীক্ষা-নিরীক্ষা, পর্যালোচনা ও বিশ্লেষণপূর্বক কমিশনের আদেশ হচ্ছে যে:-

২.১ ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৫৪৫.০০ মার্কিন ডলার ও ৫৪০.০০ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ হিসেবে গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৪১.৭৫ মার্কিন ডলার, জাহাজ ভাড়া ও ট্রেডারের প্রিমিয়াম প্রতি মেট্রিক টন ১২০ মার্কিন ডলার এবং মার্কিন ডলারের গড় মূল্য ১২২.৫৫ টাকা বিবেচনায় ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য সমন্বয়কৃত মূল্য-

(ক) বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত Saudi CP প্রতি কেজি ৬৬.৩৯ টাকা।

(খ) বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১০৫.৭১ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১১৩.০৪ টাকা।

(গ) রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১০১.৯৬ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১০৯.২৯ টাকা বা রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ০.২২৬৫ টাকা বা প্রতি ঘনমিটার ২২৬.৫০ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ০.২৪২৮ টাকা বা প্রতি ঘনমিটার ২৪২.৮০ টাকা।

(ঘ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসক ব্যতীত সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ৫৮.৪৮ টাকা এবং মূসকসহ সমন্বয়কৃত মূল্য প্রতি লিটার ৬২.১৪ টাকা।

(ঙ) বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'ক'**, বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'খ'**, রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'গ'** এবং অটোগ্যাসের সমন্বয়কৃত মূল্য **পরিশিষ্ট-'ঘ'** এ সংযুক্ত করা হলো।

২.২ ৪ মে ২০২৫ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৫/০৭ অনুযায়ী সরকারি এলপিজি'র ডিলার/রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্যহার প্রতি ১২.৫০ কেজি ৮২৫.০০ টাকা অপরিবর্তিত রাখা হলো।

২.৩ কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে এলপিজি (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত)/অটোগ্যাস বিক্রয় করা যাবে না।

২.৪ প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

২.৫ এ আদেশ ০৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/০২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

২.৬ ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

**ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)**
সদস্য

**সৈয়দা সুলতানা রাজিয়া**
সদস্য

**মোঃ মিজানুর রহমান**
সদস্য

**মোঃ আব্দুর রাজ্জাক**
সদস্য

**জালাল আহমেদ**
চেয়ারম্যান

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৩

**পরিশিষ্ট-'ক'**

## বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি-২০২৬ (ফেব্রুয়ারি-২০২৬ এর Saudi CP'র ভিত্তিতে)

| ক্রমিক নং | | বিবরণ | সমন্বয়কৃত মূল্য (টাকা/কেজি) |
|---|---|---|---|
| ক | ১ | Saudi Contract Price[১] (Saudi CP) | ৬৬.৩৯ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[২] | ১৪.৭১ |
| | ৩ | অন্যান্য চার্জ[৩] | ০.৭৪ |
| | **৪** | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)** | **৮১.৮৪** |
| খ | | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ[৪] | ১৫.৯৫ |
| **গ** | | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-পূর্ব (ক৪+খ)** | **৯৭.৭৯** |
| ঘ | | মূসক[৫] | ৭.৩৩ |
| **ঙ** | | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর (গ+ঘ)** | **১০৫.১২** |
| চ | | ডিস্ট্রিবিউটরের চার্জ[৬] (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | ৪.১৭ |
| ছ | | রিটেইলার চার্জ[৬] | ৩.৭৫ |
| **জ** | | **রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি'র সমন্বয়কৃত মূল্য [ঙ+চ+ছ]** | **১১৩.০৪** |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ০২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে বোতলজাতকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী উপরের ছকের ক্রমিক-ঙ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

**ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)**
সদস্য

**সৈয়দা সুলতানা রাজিয়া**
সদস্য

**মোঃ মিজানুর রহমান**
সদস্য

**মোঃ আব্দুর রাজ্জাক**
সদস্য

**জালাল আহমেদ**
চেয়ারম্যান

[১]ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৫৪৫.০০ মার্কিন ডলার এবং ৫৪০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৪১.৭৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৫৫/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়।

[২]জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ১২০.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৫৫/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৩]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মুল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৫৫/- টাকা হিসেবে ৪৩৮.০০ টাকা বিবেচনায়।

[৪]১৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৮ এবং সরকার কর্তৃক ০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ থেকে ডিজেল এর পুনর্নির্ধারিত মূল্য প্রতি লিটার ১০০.০০ টাকা বিবেচনায়, যার মধ্যে ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/১০ এ উল্লিখিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় [ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড (জনবলসহ) বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় (জনবলসহ)], অবচয়, রিটার্ন অন রেট বেজ ও কর্পোরেট ইনকাম ট্যাক্স অন্তর্ভুক্ত।

[৫] অর্থ অধ্যাদেশ, ২০২৫ এর ধারা ২৮(গ) (অ) অনুযায়ী।

[৬]১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/ ০২ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৯ অনুযায়ী।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৩

**পরিশিষ্ট-'খ'**

## বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি ২০২৬

## (ফেব্রুয়ারি-২০২৬ এর Saudi CP'র ভিত্তিতে)

| ক্রমিক নং | বোতলজাতকৃত এলপিজি'র পরিমাণ (কেজি) | সমন্বয়কৃত মূল্য (টাকা) | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Saudi CP[১] | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[২] | অন্যান্য[৩] চার্জ | ইমপোর্ট প্যারিটি প্রাইস | মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ[৪] | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-পূর্ব | মূসক[৫] | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর | ডিস্ট্রিবিউটর চার্জ[৬] (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | রিটেইলার চার্জ[৬] | রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য[৭] |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬=(৩+৪+৫) | ৭ | ৮=৬+৭ | ৯ | ১০=৮+৯ | ১১ | ১২ | ১৩=(১০+১১+১২) |
| ১ | ৫.৫ | ৩৬৫.০৪০ | ৮০.৯০৫ | ৪.০১৫ | **৪৪৯.৯৬০** | ৮৭.৭২৫ | ৫৩৭.৬৮৫ | ৪০.৩১৫ | ৫৭৮.০০০ | ২৩.০০০ | ২১.০০০ | **৬২২.০০০** |
| ২ | ১২ | ৭৯৬.৩৬০ | ১৭৬.৫২০ | ৮.৭৬০ | **৯৮১.৬৪০** | ১৯১.৪০০ | ১,১৭৩.০৪০ | ৮৭.৯৬০ | ১,২৬১.০০০ | ৫০.০০০ | ৪৫.০০০ | **১,৩৫৬.০০০** |
| ৩ | ১২.৫ | ৮৩০.০০০ | ১৮৩.৮৭৫ | ৯.১২৫ | **১,০২৩.০০০** | ১৯৯.৩৭৫ | ১,২২২.৩৭৫ | ৯১.৬২৫ | ১,৩১৪.০০০ | ৫২.০০০ | ৪৭.০০০ | **১,৪১৩.০০০** |
| ৪ | ১৫ | ৯৯৬.২০০ | ২২০.৬৫০ | ১০.৯৫০ | **১,২২৭.৮০০** | ২৩৯.২৫০ | ১,৪৬৭.০৫০ | ১০৯.৯৫০ | ১,৫৭৭.০০০ | ৬৩.০০০ | ৫৬.০০০ | **১,৬৯৬.০০০** |
| ৫ | ১৬ | ১,০৬২.৪৮০ | ২৩৫.৩৬০ | ১১.৬৮০ | **১,৩০৯.৫২০** | ২৫৫.২০০ | ১,৫৬৪.৭২০ | ১১৭.২৮০ | ১,৬৮২.০০০ | ৬৭.০০০ | ৬০.০০০ | **১,৮০৯.০০০** |
| ৬ | ১৮ | ১,১৯৫.০৪০ | ২৬৪.৭৮০ | ১৩.১৪০ | **১,৪৭২.৯৬০** | ২৮৭.১০০ | ১,৭৬০.০৬০ | ১৩১.৯৪০ | ১,৮৯২.০০০ | ৭৫.০০০ | ৬৮.০০০ | **২,০৩৫.০০০** |
| ৭ | ২০ | ১,৩২৭.৬০০ | ২৯৪.২০০ | ১৪.৬০০ | **১,৬৩৬.৪০০** | ৩১৯.০০০ | ১,৯৫৫.৪০০ | ১৪৬.৬০০ | ২,১০২.০০০ | ৮৩.০০০ | ৭৫.০০০ | **২,২৬০.০০০** |
| ৮ | ২২ | ১,৪৬০.১৬০ | ৩২৩.৬২০ | ১৬.০৬০ | **১,৭৯৯.৮৪০** | ৩৫০.৯০০ | ২,১৫০.৭৪০ | ১৬১.২৬০ | ২,৩১২.০০০ | ৯২.০০০ | ৮৩.০০০ | **২,৪৮৭.০০০** |
| ৯ | ২৫ | ১,৬৬০.০০০ | ৩৬৭.৭৫০ | ১৮.২৫০ | **২,০৪৬.০০০** | ৩৯৮.৭৫০ | ২,৪৪৪.৭৫০ | ১৮৩.২৫০ | ২,৬২৮.০০০ | ১০৪.০০০ | ৯৪.০০০ | **২,৮২৬.০০০** |
| ১০ | ৩০ | ১,৯৯১.৪০০ | ৪৪১.৩০০ | ২১.৯০০ | **২,৪৫৪.৬০০** | ৪৭৮.৫০০ | ২,৯৩৩.১০০ | ২১৯.৯০০ | ৩,১৫৩.০০০ | ১২৫.০০০ | ১১৩.০০০ | **৩,৩৯১.০০০** |
| ১১ | ৩৩ | ২,১৯১.২৪০ | ৪৮৫.৪৩০ | ২৪.০৯০ | **২,৭০০.৭৬০** | ৫২৬.৩৫০ | ৩,২২৭.১১০ | ২৪১.৮৯০ | ৩,৪৬৯.০০০ | ১৩৮.০০০ | ১২৪.০০০ | **৩,৭৩১.০০০** |
| ১২ | ৩৫ | ২,৩২৩.৮০০ | ৫১৪.৮৫০ | ২৫.৫৫০ | **২,৮৬৪.২০০** | ৫৫৮.২৫০ | ৩,৪২২.৪৫০ | ২৫৬.৫৫০ | ৩,৬৭৯.০০০ | ১৪৬.০০০ | ১৩১.০০০ | **৩,৯৫৬.০০০** |
| ১৩ | ৪৫ | ২,৯৮৭.৬০০ | ৬৬১.৯৫০ | ৩২.৮৫০ | **৩,৬৮২.৪০০** | ৭১৭.৭৫০ | ৪,৪০০.১৫০ | ৩২৯.৮৫০ | ৪,৭৩০.০০০ | ১৮৮.০০০ | ১৬৯.০০০ | **৫,০৮৭.০০০** |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ০২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে বোতলজাতকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী উপরের ছকের কলাম-১০ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

2/2/26

**ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)**
সদস্য

2/2/2026

**সৈয়দা সুলতানা রাজিয়া**
সদস্য

02/02/26

**মোঃ মিজানুর রহমান**
সদস্য

02/02/26

**মোঃ আব্দুর রাজ্জাক**
সদস্য

02.02.26

**জালাল আহমেদ**
চেয়ারম্যান

[১]ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৫৪৫.০০ মার্কিন ডলার এবং ৫৪০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৪১.৭৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৫৫/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়।

[২]জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ১২০.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৫৫/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৩]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মুল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৫৫/- টাকা হিসেবে ৪৩৮.০০ টাকা বিবেচনায়।

[৪] ১৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৮ এবং সরকার কর্তৃক ০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ থেকে ডিজেল এর পুনর্নির্ধারিত মূল্য প্রতি লিটার ১০০.০০ টাকা বিবেচনায়, যার যার মধ্যে ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/১০ এ উল্লিখিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় [ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড (জনবলসহ) বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় (জনবলসহ)], অবচয়, রিটার্ন অন রেট বেজ ও কর্পোরেট ইনকাম ট্যাক্স অন্তর্ভুক্ত।

[৫] অর্থ অধ্যাদেশ, ২০২৫ এর ধারা ২৮(গ) (অ) অনুযায়ী।

[৬]১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/০২ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৯ অনুযায়ী।

[৭]অত্র আদেশের পরিশিষ্ট-'ক' মোতাবেক বেসরকারি এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি কর্তৃক সরবরাহকৃত এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য প্রতি কেজি ১১৩.০৪ টাকা অনুযায়ী।

বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৩

**পরিশিষ্ট-'গ'**

## রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি ২০২৬

**(ফেব্রুয়ারি-২০২৬ এর Saudi CP'র ভিত্তিতে)**

| ক্রমিক নং | | বিবরণ | সমন্বয়কৃত মুল্য | | |
|---|---|---|---|---|---|
| | | | (টাকা/কেজি) | টাকা/লিটার[১] (গ্যাসীয় অবস্থায়) | টাকা/ঘনমিটার[১] (গ্যাসীয় অবস্থায়) |
| ক | ১ | Saudi Contract Price[২] (Saudi CP) | ৬৬.৩৯ | ০.১৪৭৫ | ১৪৭.৫০ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[৩] | ১৪.৭১ | ০.০৩২৭ | ৩২.৭০ |
| | ৩ | অন্যান্য চার্জ[৪] | ০.৭৪ | ০.০০১৬ | ১.৬০ |
| | **৪** | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)** | **৮১.৮৪** | **০.১৮১৮** | **১৮১.৮০** |
| খ | | এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ চার্জ[৫] | ১৫.৯৫ | ০.০৩৫৪ | ৩৫.৪০ |
| **গ** | | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-পূর্ব (ক৪+খ)** | **৯৭.৭৯** | **০.২১৭২** | **২১৭.২০** |
| ঘ | | মূসক[৬] | ৭.৩৩ | ০.০১৬৩ | ১৬.৩০ |
| **ঙ** | | **এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পর্যায়ের মূল্য, মূসক-উত্তর (গ+ঘ)** | **১০৫.১২** | **০.২৩৩৫** | **২৩৩.৫০** |
| চ | | ডিস্ট্রিবিউটরের চার্জ[৭] (ডিস্ট্রিবিউটর থেকে রিটেইলার পর্যন্ত পরিবহণ ব্যয়সহ) | ৪.১৭ | ০.০০৯৩ | ৯.৩০ |
| **ছ** | | **রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে এলপিজি'র সমন্বয়কৃত মূল্য (ঙ+চ)** | **১০৯.২৯** | **০.২৪২৮** | **২৪২.৮০** |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ০২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে রেটিকুলেটেড পদ্ধতিতে সরবরাহকৃত এলপিজি বিক্রয় করা যাবে না।

৪। প্রত্যেক এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী উপরের ছকের ক্রমিক নং-ঙ এ উল্লিখিত এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মূসক-উত্তর/মূসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিজি বিক্রয় করবে এবং সে অনুযায়ী মূসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।

**ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)**
সদস্য

**সৈয়দা সুলতানা রাজিয়া**
সদস্য

**মোঃ মিজানুর রহমান**
সদস্য

**মোঃ আব্দুর রাজ্জাক**
সদস্য

**জালাল আহমেদ**
চেয়ারম্যান

[১]প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিজি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি=১.৮০০২ লিটার এলপিজি, ১ লিটার এলপিজি = ২৫০ লিটার গ্যাস হিসেবে ১ কেজি এলপিজি = ৪৫০.০৫ লিটার গ্যাস এবং ১ ঘনমিটার গ্যাস=১০০০ লিটার গ্যাস বিবেচনায় [০.৪৫ ঘনমিটার গ্যাস = ১ কেজি এলপিজি বা ১ ঘনমিটার গ্যাস = ২.২২ কেজি এলপিজি]।

[২]২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৫৪৫.০০ মার্কিন ডলার এবং ৫৪০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৪১.৭৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৫৫/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়।

[৩]জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ১২০.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৫৫/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৪]ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মুল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৫৫/- টাকা হিসেবে ৪৩৮.০০ টাকা বিবেচনায়।

[৫]১৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২২/১৮ এবং সরকার কর্তৃক ০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ থেকে ডিজেল এর পুনর্নির্ধারিত মূল্য প্রতি লিটার ১০০ টাকা বিবেচনায়, যার যার মধ্যে ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/১০ এ উল্লিখিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় [ম্যানুফ্যাকচারিং/ফ্যাক্টরি ওভারহেড (জনবলসহ) বিক্রয়-বিপণন, বিতরণ-পরিবহণ, প্রশাসনিক ও সাধারণ ব্যয় (জনবলসহ)], অবচয়, রিটার্ন অন রেট বেজ ও কর্পোরেট ইনকাম ট্যাক্স অন্তর্ভুক্ত।

[৬] অর্থ অধ্যাদেশ, ২০২৫ এর ধারা ২৮(গ) (অ) অনুযায়ী।

[৭]১৮ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ/ ০২ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৯ অনুযায়ী।

**পরিশিষ্ট-'ঘ'**

## ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি ২০২৬
## (ফেব্রুয়ারি-২০২৬ এর Saudi CP'র ভিত্তিতে)

| ক্রমিক নং | | বিবরণ | সমন্বয়কৃত মূল্য (টাকা/লিটার[১]) |
|---|---|---|---|
| ক | ১ | Saudi Contract Price (Saudi CP)[২] | ৩৬.৮৮ |
| | ২ | জাহাজ ভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ[৩] | ৮.১৭ |
| | ৩ | অন্যান্য চার্জ[৪] | ০.৪১ |
| | **৪** | **ইমপোর্ট প্যারিটি প্রাইস (১+২+৩)** | **৪৫.৪৬** |
| খ | | এলপিজি মজুতকরণ চার্জ[৫] | ৩.৩৪ |
| **গ** | | **এলপিজি মজুতকরণ পরবর্তী মূল্য, মূসক-পূর্ব (ক৪+খ)** | **৪৮.৮০** |
| ঘ | | মূসক[৬] | ৩.৬৬ |
| **ঙ** | | **এলপিজি মজুতকরণ পরবর্তী মূল্য, মূসক-উত্তর (গ+ঘ)** | **৫২.৪৬** |
| চ | | পরিবহণ চার্জ[৭] | ১.৬৮ |
| ছ | | স্টেশন চার্জ[৫] | ৮.০০ |
| **জ** | | **ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্যহার (প্রতি লিটার) (ঙ+চ+ছ)** | **৬২.১৪** |

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৯ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ০২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ, অটোগ্যাস স্টেশনের নিকট এবং ভোক্তাপর্যায়ে অটোগ্যাস স্টেশনে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে অটোগ্যাস বিক্রয় করা যাবে না।

**ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)**
সদস্য

**সৈয়দা সুলতানা রাজিয়া**
সদস্য

**মোঃ মিজানুর রহমান**
সদস্য

**মোঃ আব্দুর রাজ্জাক**
সদস্য

**জালাল আহমেদ**
চেয়ারম্যান

---

[১]প্রোপেন ও বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় এলপিজি'র Specific Gravity ০.৫৫৫৫ হিসেবে ১ কেজি এলপিজি = ১.৮০০২ লিটার এলপিজি।

[২]ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP যথাক্রমে প্রতি মেট্রিক টন ৫৪৫.০০ এবং ৫৪০.০০ মার্কিন ডলার অনুযায়ী প্রোপেন এবং বিউটেনের মিশ্রণ অনুপাত ৩৫:৬৫ বিবেচনায় প্রোপেন এবং বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৪১.৭৫ মার্কিন ডলার, প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৫৫/- টাকা এবং ১ মেট্রিক টন = ১,০০০ কেজি বিবেচনায়।

[৩]জাহাজভাড়া এবং ট্রেডারের প্রিমিয়াম চার্জ প্রতি মেট্রিক টন ১২০.০০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৫৫/- টাকা এবং ১ মেট্রিক টন=১,০০০ কেজি বিবেচনায়।

[৪] ল্যান্ডিং চার্জ, লেভি চার্জ, রিভার ডিউজ, কাস্টম সার্ভে এবং পোর্ট চার্জ প্রতি মেট্রিক টন ৩০০ টাকা; এলসি চার্জ, ইন্সুরেন্স চার্জ (মুসকসহ), সিএন্ডএফ কমিশন (মূসকসহ) এবং Disport Inspection Charge মোট CFR মুল্যের ০.৫৪% এবং প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ১২২.৫৫/- টাকা হিসেবে ৪৩৮.০০ টাকা বিবেচনায়।

[৫] ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ অনুযায়ী।

[৬] অর্থ অধ্যাদেশ, ২০২৫ এর ধারা ২৮(গ) (অ) অনুযায়ী।

[৭] সরকার কর্তৃক ১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ থেকে ডিজেল এর পুনর্নির্ধারিত মূল্য প্রতি লিটার ১০০.০০ টাকা বিবেচনায়।